

স্মারক নং- ০৫.৫৫.৮৫২৭.০০০.০২.০২১.২৪. ৯২৭

তারিখঃ ০৬/১০/২০২৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিত-২০১৭) মোতাবেক গংগাচড়া উপজেলাধীন ২নং কোলকোন্দ ইউনিয়ন পরিষদের ০৭নং ওয়ার্ডের এবং ৭নং মর্গেয়া ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের শূন্য পদে অস্থায়ীভিত্তিতে গ্রাম পুলিশ (মহল্লাদার) নিয়োগ করা হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। দরখাস্ত আগামী ২৯/১০/২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর বরাবর দাখিল করতে হবে।


ক্রম	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
০১	০২	০৩	০৪	০৫
১.	মহল্লাদার	১৮-৩০ বছর অনূর্ধ্ব (০৬/১০/২০২৪ তারিখে)	সরাসরি নিয়োগের মাধ্যমে	ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ৮ম শ্রেণি উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারিরিক যোগ্যতা। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে: ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; ২। বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ); ৩। সর্বনিম্ন ওজন ৫০ (পঞ্চাশ) কেজি; মহিলা প্রার্থীর ক্ষেত্রে: ১। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২। বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); ৩। সর্বনিম্ন ওজন ৪৫ (পঁয়তাল্লিশ) কেজি।

মহল্লাদারের শূন্য পদে নিয়োগ:

ক্রম	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	শূন্য ওয়ার্ডের নম্বর
১.	২নং কোলকোন্দ	০১ টি	০৭
২.	৭নং মর্গেয়া	০১ টি	০৩

শর্তাবলী:

- ০১। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদার এর পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০২। সরকারি বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে সদ্য তোলা রঞ্জন পাসপোর্ট সাইজের ০৩ কপি ছবি দিতে হবে।
- ০৪। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (৮ম শ্রেণি উত্তীর্ণ/জেএসসি/জেডিসি) দিতে হবে।
- ০৫। নাগরিকত্বের সনদপত্র দিতে হবে।
- ০৬। জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত কপি দিতে হবে।
- ০৭। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দিতে হবে।
- ০৮। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল ধরনের কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ০৯। জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও জাতীয় পরিচয়পত্রের নাম, ঠিকানা, জন্ম তারিখ ও জন্ম সাল একই রকম হওয়া বাঞ্ছনীয়। জন্ম তারিখ ও জন্ম সালের ক্ষেত্রে কোন ধরনের সংশোধন/এফিডেভিট বা এ ধরনের কোন প্রমাণপত্র গৃহীত হবে না।
- ১০। ০২ ক্রমিক উল্লেখিত পদে আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর বরাবর =৭০০/- (সাতশত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ১১। ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। সে সকল আবেদনকারীর নামে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
- ১২। আবেদন সংক্রান্ত যাবতীয় তথ্য গংগাচড়া উপজেলার ওয়েব পোর্টাল www.gangachara.rangpur.gov.bd এর নোটিশ বোর্ড এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে।
- ১৩। প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন ধরনের মিথ্যা/ অসত্য তথ্য সম্বলিত জালিয়াতির মাধ্যমে তৈরিকৃত কাগজপত্র দাখিল করলে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা নিবেন।
- ১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ কার্যক্রম স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


০৬/১০/২০২৪

(নাহিদ তামান্না)

উপজেলা নির্বাহী অফিসার

গংগাচড়া, রংপুর


unogangachara@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫২৭.০০০.০২.০২১.২৪.২২৭

তারিখঃ ০৬/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, রংপুর
- ০২। পুলিশ সুপার, রংপুর
- ০৩। অফিসার ইনচার্জ, গংগাচড়া মডেল থানা, গংগাচড়া, রংপুর
- ০৪। উপজেলা.....অফিসার, গংগাচড়া, রংপুর
- ০৫। সহকারী প্রোগ্রামার, গংগাচড়া, রংপুর। গংগাচড়া উপজেলার ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন
- ০৬। চেয়ারম্যান, কোলকোন্দ/মর্গেয়া ইউনিয়ন পরিষদ, গংগাচড়া, রংপুর। তাকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদ, ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান/ ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো
- ০৭। নোটিশ বোর্ড


০৬.১০.২০২৪

(নাহিদ তামান্না)

উপজেলা নির্বাহী অফিসার

গংগাচড়া, রংপুর

unogangachara@mopa.gov.bd